গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
ডুমুরিয়া, খুলনা
www.dumuria.khulna.gov.bd

## উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা এর মার্চ-২০২৪ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব এজাজ আহমেদ, চেয়ারম্যান, ডুমুরিয়া উপজেলা পরিষদ, খুলনা
সভার স্থান : "সভাকক্ষ", অফিসার্স ক্লাব, ডুমুরিয়া, খুলনা
সভার তারিখ ও সময় : ২৮ মার্চ, ২০২৪ সময় – সকাল ১১.০০ টা
উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার ডুমুরিয়া খুলনাকে এজেন্ডাভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার আলোচ্যসূচি অনুসারে গৃহীত বিষয়সমূহ আলোচনা করেন এবং সে অনুযায়ী সর্বসম্মতিভাবে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

অতঃপর তিনি আলোচ্যসূচি অনুসারে গৃহীত বিষয়সমূহ আলোচনা করেন এবং সে অনুযায়ী সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার মহোদয় কর্তৃক বিগত ১৪ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী অদ্যকার সভায় উপস্থাপন করা হয় এবং বিষয়টি সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করার প্রতি গুরুত্বারোপ করে আলোচনা হয়। কোনরূপ সংশোধনী প্রস্তাব নেই। | কোন সংশোধনী প্রস্তাব না থাকায় ১৪ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা |
| ২ | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সভায় আলোচনা হয়। সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নপূর্বক পরবর্তী সভার পূর্বে অবহিত করলে কার্যবিবরণী প্রস্তুতে সহায়ক হয়। সিদ্ধান্ত বাস্তবায়নে অগ্রগতি সন্তোষজনক। | সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন এবং নতুন এজেন্ডা সম্পর্কিত প্রতিবেদন ১৫ দিনের মধ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবরে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তা ডুমুরিয়া, খুলনা |
| ৩ | আয়-ব্যয়ের হিসাব | উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া মার্চ-২০২৪ মাসে উপজেলা পরিষদ রাজস্ব ও উন্নয়ন তহবিলে জমা/আয় এবং উক্ত তহবিল হতে ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করেন যা-নিম্নরূপ ঃ<br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আয় বিবরণী ঃ<br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে মার্চ-২০২৪ মাসে স্থিতি- ৪,৯৮,৫৩,৯৪৭.৫২/- টাকা এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থিতির পরিমাণ- ৯,৩৪,২১,১৫০.৩৮/-টাকা। | ক) উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ বিধি মোতাবেক জমা এবং ব্যয় নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান উপজেলা পরিষদ |

এজাজ আহমেদ.

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪ | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিভিন্ন ব্যয় ও প্রকল্প গ্রহণ | জনাব নারায়ন চন্দ্র দাস, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ডুমুরিয়া, খুলনাকে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে ইলেক্ট্রিক মালামাল ক্রয়ের বিল বাবদ ২৪,৩৯০/- টাকা ব্যয়িত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>২) জনাব নারায়ন চন্দ্র দাস, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ডুমুরিয়া, খুলনাকে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে ইলেক্ট্রিক কাজের বিল বাবদ ৬,৮০০/- টাকা। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | জনাব নারায়ন চন্দ্র দাস, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ডুমুরিয়া, খুলনাকে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে ইলেক্ট্রিক মালামাল ক্রয়ের বিল বাবদ ২৪,৩৯০/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২) জনাব নারায়ন চন্দ্র দাস, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ডুমুরিয়া, খুলনাকে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে ইলেক্ট্রিক কাজের বিল বাবদ ৬,৮০০/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান উপজেলা পরিষদ |
| ৫ | কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ধারা ২৯ এর বিধান মোতাবেক ১৭টি স্থায়ী কমিটি রয়েছে। বিধি মোতাবেক উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদ্বয় কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন। অপরাপর দপ্তর হতে স্থায়ী কমিটির সভা হলেও কার্যবিবরণী ও সুপারিশমালা প্রেরণ করেননি। বিষয়ট নিয়ে সভায় আলোচনা হয়। দপ্তরভিত্তিক কাজের স্বচ্ছতা, জবাবদিহিতাবৃদ্ধি ও পরিষদের কাজের সহায়তার জন্য স্থায়ী কমিটির কার্যকর করা অত্যান্ত জরুরী মর্মে সভায় আলোচনা হয়। | উপজেলা পরিষদের কাজের সহায়তার নিমিত্ত ১৭ (সতের) টি স্থায়ী কমিটি নিয়মিত সভা আহবান ও সুপারিশ সম্বলিত কার্যবিবরণী প্রেরণ নিশ্চিত করবেন। | ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ৬ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান করোনা মোকাবেলায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কর্মরত সকল চিকিৎসক তৎপর রয়েছেন। নিয়মিত করোনা পরীক্ষা ও করোনা রোগীদের পরামর্শ প্রদান করছেন। করোনার ভয়াবহতার বিবরণ দিয়ে জানান জনগন স্বাস্থ্য বিধি মেনে চলছেন বলেই ডুমুরিয়া অন্যান্য উপজেলা হতে ভাল অবস্থানে রয়েছে। তিনি স্বাস্থ্য বিধি মেনে চলার প্রতি অধিকতর গুরুত্ব প্রদানের জন্য সকলকে অনুরোধ জানান। | স্বাস্থ্য বিধি মেনে চলাচল নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চেয়ারম্যান (সকল) ডুমুরিয়া, খুলনা |
| ৭ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সভায় জানান যে, অত্র ডুমুরিয়া উপজেলার পরিবার পরিকল্পনা বিভাগের নিয়ন্ত্রনাধীন আটলিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে ৬ টি শিরিশ গাছ শুকিয়ে গেছে, ২ টির মাথা ঝড়ে ভেঙ্গে গেছে, শোভনা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রের ২ টি শিরিশ গাছ শুকিয়ে গেছে, ২ টি শিরিশ গাছ বাউন্ডারী ওয়ালের উপর দিয়ে রাস্তার উপর হেলে পড়েছে এবং ১ টি মেহগুনি গাছ ইউনিয়ন পরিষদের | যে সমস্ত গাছগুলি ঝুকিপূর্ন অবস্থায় রয়েছে সে সমস্ত গাছগুলি বিধি মোতাবেক নিলামে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা বন কর্মকর্তা ডুমুরিয়া, খুলনা |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | উপর হেলে পড়েছে। এছাড়া সাহস ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে ১ টি শিরিশ গাছ হেলে বৈদ্যুতিক তারের উপর পড়েছে এবং গাছটির শিকড় ক্লিনিক ভবনের নিচ দিয়ে যাওয়াতে ভবনের কিছু অংশে ফাটল ধরেছে। উল্লেখ্য যেসব গাছের ডাল শুকিয়ে গেছে সেসব গাছের শুকনা ডাল-পালা নিয়মিত বাতাসে ভেঙ্গে পড়ে ক্লিনিক ও আবাসিক ভবনের ক্ষতি সাধন করছে। যার ফলে বাউন্ডারী ওয়াল ক্ষতিগ্রস্থ হচ্ছে, ওয়ালে ফাঁটল ধরছে এবং ক্লিনিক সহ পার্শ্ববর্তী বাড়ী ও রাস্তার পথচারী ঝুঁকিতে আছে। এমতাবস্থায় উক্ত ১৪ (চৌদ্দ) টি ঝুঁকিপূর্ন গাছ কর্তন একান্ত প্রয়োজন। | | |
| ৮ | উপজেলা প্রকৌশলী ডুমুরিয়া, খুলনা। | উপজেলা প্রকৌশলী ডুমুরিয়া, খুলনা সভায় জানান যে, ১.সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের আবেদনের প্রেক্ষিতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনার সুপারিশ ক্রমে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ডুমুরিয়া, খুলনা সভায় উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল/২৩-২৪ এর আওতায় অনুমোদিত (পরিশিষ্ট ক"তে বর্ণিত) স্কীমের নিম্ন বর্ণিত সমস্যা সমাধানের জন্য উপস্থাপন করেনঃ-<br>**(ক)**<br>ক্র:নং-২৭- রঘুনাথপুর ইউনিয়নে কৃষ্ণনগর মোড়ে নিরাঞ্জন মল্লিক পিতা- অধির মল্লিক ও সুধাংসু মল্লিক পিতা মৃত মধুসুধন সাং-কৃষ্ণনগর এর বাড়ির পাসে জনসাধারনের ব্যবহারের জন্য গভীর নলকূপ স্থাপন।<br>২৭৯- লাইন বিলপাবলা ইসলাম নগর পারভিনের বাড়ি হতে খালপাড় অভিমুখে রাস্তা আরসিসি ঢালাই দ্বারা উন্নয়ন।<br>২৯৩-শিবনগর জাইকা রোড হইতে প্রদীপ রায় এর বাড়ীর অভিমুখী রাস্তা ব্লক দ্বারা উন্নয়ন।<br>২৯৪-১৪ নং মাগুরখালী ইউনিয়নে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ছাত্রীদের মধ্যে বাই সাইকেল বিতরণ।<br>৩০২-১ নং ওয়ার্ডে হায়দার এর বাড়ী হতে বিলের রাস্তা অভিমূখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন।<br>৩০৯-সিরাজুল গাজীর বাড়ি হতে মইন বিশ্বাসের বাড়ী অভিমূখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন।<br>৫৩৬-১৪ নং মাগুরখালী ৭ নং ওয়ার্ডেও শিবনগর সুজন মন্ডলের বাড়ীর পিছনে ইটের সোলিং এর মাথা থেকে দেশ বন্ধু মন্ডলের বাড়ী অভিমূখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন।<br>৫৩৭-১৪ নং মাগুরখালী ৫ নং ওয়ার্ড আলাদিপুর পিচের রাস্তা হতে প্রশান্ত রায়ের বাড়ী অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন।<br>৫৪৬-(ক) ০২ নং রঘুনাথপুর ইউনিয়নের ০৫ নং ওয়াডের শাহাপুর বাজারে মিল্ক ভিটা অফিসের পার্শ্বে জনসাধারণের জন্য গভীর নলকূপ স্থাপন। (খ) জনাব জি এম রাজু, পিতা- জি এম আফজাল হোসেন, সাং-শাহপুর, ডাকঘর- শাহপুর, উপজেলা- ডুমুরিয়া, জেলা-খুলনা এর বাড়ীর জনসাধারণের জন্য গভীর নলকূপ | সভায় এ ব্যাপারে বিস্তারিত আলাপ আলোচনা হয়। আলোচনান্তেনিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :<br><br>(ক) : টেন্ডারের পরিবর্তে পি আই সি এর মাধ্যমে বাস্তবায়ন করার সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ডুমুরিয়া, খুলনা ও উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | স্থাপন ।<br>৫৬৪-তাপস কুমার রাহা, পিতা-শান্তিপদ রাহা, গাম-গোলনা উপজেলা-ডুমুরিয়া, জেলা-খুলনা এর বাড়ীর পার্শ্বে জন সাধারণের জন্য গভীর নলকূপ স্থাপন ।<br>৫৪৮-১৩নং গুটুদিয়া ০৭নং ওয়ার্ডের রবিন গোসাই আশ্রমে গভীর নলকূপ স্থাপন ।<br>৬৬৬-খুলনা সি টি বাই পাস হতে ডঃ নূরুলহুদা বাড়ীর অভিমুখে রাস্তা এইচ বি বি দ্বারা উন্নয়ন ।<br>স্কীম গুলি টেন্ডারের পরিবর্তে পি আই সি এর মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে ।<br>৫৯৮- খর্ণিয়া ইউনিয়নে গোনালী বেলাতলা হতে ঋষি পাড়া রাস্তা মধ্যে পাড়া ও জোয়াদ্দার বাড়ী অভিমুখে ইটের রাস্তা সলিং দ্বারা উন্নয়ন এর পরিবর্তে সংস্কার এবং টেন্ডার এর পরিবর্তে পি আই সি হবে ।<br>(খ)<br>১৪৬-বানিয়াখালী মাধ্যমিক বিদ্যালয়ের দক্ষিণ-পূর্ব পার্শ্বে ভবন উন্নয়ন ।<br>২৮৫-আমুড় বুনিয়া পিচের রাস্তা হইতে ঝরঝরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত ইটের সোলিং দ্বারা উন্নয়ন ।<br>২৮৬-গাজী নগর ওয়াপদার উপর পিচের রাস্তা হইতে বাগারদাইড় গ্রাম অভিমুখী রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন ।<br>৪৯৭-<br>৫৮৩-অসহায় প্রতিবন্ধিদের মাঝে হুইল চেয়ার বিতরণ ।<br>৬০৭-অসহায় প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরণ ।<br>৬৮৫-উপজেলা নির্বাহী অফিসারের দেহরক্ষীদের বাস ভবন সংস্কার ।<br>৭২৯-ডুমরিয়া ফায়ার সার্ভিস ষ্টেশন হতে গোলনা আবাসন অভিমুখে গাইড অলসহ রাস্তা সি সি দ্বারা উন্নয়ন ।<br>৭৩০-মির্জাপুর মেইন রাস্তা হতে খালের পাশ দিয়ে রাস্তা সি সি দ্বারা উন্নয়ন ।<br>৭৩১-গোলনা গুচ্ছগ্রাম খালে গোসল করার জন্য ০২ টি ঘাট নির্মাণ ।<br>৭৩২-দক্ষিন ডুমুরিয়া শহীদ এর দোকান হতে চর অভি মুখে রাস্তার পাশে গাইড অলসহ রাস্তা সি সি দ্বারা উন্নয়ন ।<br>৭৩৩-ডুমুরিয়া বায়তুল নূর জামে মসজিদ হতে রিজাউল শেখ এর বাড়ী অভিমুখে রাস্তার পাশে গাইড অলসহ রাস্তা সি সি দ্বারা উন্নয়ন ।<br>৭৩৪-ডুমুরিয়া শরাফপুর রোড হতে মধ্য বিশ্বাস পাড়া মসজিদ অভিমুখে ও ফারুক বিশ্বাসের বাড়ী অভিমুখে এবং সাজিয়াড়া-ভুলটিয়া মেইন রোড হতে বিকাশ চন্দ্র সানার বাড়ী অভিমুখে রাস্তা সি সি দ্বারা উন্নয়ন ।<br>৭৩৮- গুটুদিয়া ইউনিয়নে লতা পুষ্পলের বাড়ীর রাস্তার পুকুরের পাশে প্যালাসাইটিং খ) লতা প্রশান্ত বিশ্বাসের বাড়ীর পাশে রাস্তায় পুকুরের পাশে প্যালাসাইটিং গ) | (খ) : টেন্ডারের পরিবর্তে আর এফ কিউ এর মাধ্যমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত হয়। | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | লতা শীতলা মন্দিরের পুকুরের পাশে প্যালাসাইটিং, উত্তর বিল পাবলা কাল ভার্টের পশ্চিম পাশে রাস্তার পাশে প্যালাসাইটিং ।<br>৭৩৯-গুটুদিয়া ইউনিয়নে লাইন বিল পাবলা খৈয়াতলা খালের উপর (জামে মসজিদের পাশে) ব্রীজ নির্মাণ ।<br>৩৫৭-খর্ণিয়া ৩ নং ওয়ার্ড আঙ্গারদহা দাস পাড়া খালপাড় মন্দির হতে খুলনা সাতক্ষীরা মহাসড়ক অভিমূখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন ।<br>৩৬৯-আটলিয়া ৯ নং ওয়ার্ড মঠ বাড়িয়া কমিউনিটি ক্লিনিক হতে মঠ বাড়িয়া হামিউস সুন্নাহ কওমি মাদ্রাসা অভিমূখে রাস্তা সংস্কার । এবং ৭৫৯- আটলিয়া ইউনিয়নে চুকনগর কোল্ড ষ্টোরেজ এর বিপরীতে বদর চেয়ারম্যানের পুরাতন বাড়ী হয়ে রাজ্জাকের দোকান পর্যন্ত রাস্তা ইউনি ব্লক দ্বারা উন্নয়ন এ বর্ণিত স্কীম গুলি জরুরী প্রয়োজনে টেন্ডারের পরিবর্তে আর এফ কিউ এর মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে। | | |
| | | **(গ)** উপজেলা রাজস্ব তহবিলের আওতায় উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন মেরামত-২০০০০০.০০ এবং উপজেলা পরিষদ গ্যারেজের সামনে আর সি সি দ্বারা উন্নয়ন-১০০০০০.০০ | (গ) স্কীমটি পি আই সির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্ব সম্মতি ক্রমে গৃহিত হয় । | |
| | | **(ঘ)** উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসার ওয়াস ব্লক নির্মাণ (প্যাকেজ নং-INF-21-22-404730-03) এবং পানি শোধানাগার এর (প্যাকেজ নং- INF-21-22-404730-02) ঠিকাদার সৈয়দ জিয়াউল হক, রুপসা, খুলনা ৩০.০৫.২০২৪ ইং পর্যন্ত সময় বর্ধনের জন্য আবেদন করেছেন । বিবেচনার জন্য উপস্থাপন করা হল । | (ঘ) ৩০.০৫.২০২৪ ইং পর্যন্ত সময় বর্ধনের সিদ্ধান্ত গৃহীত হয় । | |
| | | **(ঙ)** উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাস্টার প্ল্যান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় মঠবাড়ী - গোবিন্দকাটি তরফদার বাড়ী (আইডি নং- ২৪৭৩০৫১৭৩) রাস্তাটি অত্যন্ত জন বহুল ও জন গুরুত্ব পূর্ণ হওয়ায় রাস্তাটি উন্নয়ন করা অতীব জরুরী । রাস্তাটির সম্ভাব্য প্রাক্কলিত মূল্য ১,৩৬,৩৬,৩১৯/=টাকা । ইহা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হল । | (ঙ)স্কীমটি বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতি ক্রমে গৃহিত হয় । | |
| | | ২) ডুমুরিয়া উপজেলায় ডুমুরিয়া- বানিয়াখালি রাস্তার ১৪ কিঃ মিঃ মরা গাছ গুলো মূল্য নির্ধারণ করা হয়েছে। উক্ত গাছ গুলো নিলাম প্রক্রিয়ায় বিক্রয়ের জন্য সিদ্ধান্ত প্রয়োজন। | ২) ডুমুরিয়া উপজেলায় ডুমুরিয়া- বানিয়াখালি রাস্তার ১৪ কিঃ মিঃ মরা গাছ গুলো মূল্য নির্ধারণ করা হয়েছে। উক্ত গাছ গুলো নিলাম প্রক্রিয়ায় বিক্রয়ের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ৩) উপজেলা প্রকৌশলী ডুমুরিয়া, খুলনা সভায় জানান যে, ০৭ নং শোভনা ইউনিয়ন পরিষদ অর্ন্তগত কদমতলা-কাকমারী নির্মানাধীন পাকা রাস্তার নামকরণ যাহাতে বীর মুক্তিযোদ্ধা দীনেশ চন্দ্র রায় এর নামে নামকরণ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৩) ০৭ নং শোভনা ইউনিয়ন পরিষদ অর্ন্তগত কদমতলা-কাকমারী নির্মানাধীন পাকা রাস্তার নামকরণ যাহাতে বীর মুক্তিযোদ্ধা দীনেশ চন্দ্র রায় এর নামে নামকরণ করার বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমতির জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ৪) উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশ ক্রমে উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা কমপ্লেক্স সম্প্রসারিত ভবনে পরিষদের সকল সভা নিয়মিত ভাবে করার জন্য অডিটোরিয়াম রুমের আসবাবপত্র, সাউন্ড সিস্টেম এবং এসি স্থাপনসহ সৌন্দর্য্য বর্ধন করা আবশ্যক বিধায় উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট হতে প্রশাসনিক অনুমোদনসহ বরাদ্দ প্রয়োজন।এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৪) এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে বর্নিত কাজের প্রাক্কলনের প্রশাসনিক আনুমোদনের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৯ | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান ২০২১-২০২২ অর্থ বছরে ক তালিকাভুক্ত জমি নেই ঘর নেই প্রকল্পের আওতায় ঘর নির্মাণর প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং প্রস্তাবনা প্রেরণ করা হয়েছে। সরকারি খাস জমি চিহ্নিত করার কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে সকলের সহযোগীতা কামনা করেন। | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত গুরুত্বপূর্ণ এ প্রকল্প বাস্তবায়নে সকলের সহযোগীত নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা চেয়ারম্যান (সকল) |
| ১০ | উপজেলা মৎস্য অধিদপ্তর ডুমুরিয়া, খুলনা | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান ডুমুরিয়া উপজেলাতে বেহুন্দি, কারেন্ট জাল, মশারি, চট, পাই, টিং ইত্যাদি ক্ষতিকারক জাল নিষিদ্ধ করা হয়েছে। উক্ত প্রকারের জালসমূহ বিক্রয় ও ব্যবহারকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা মৎস্য বিভাগ সহায়তা করে থাকেন। মাছের ঘেরসমূহ রেজিস্ট্রেশনের বিধান রয়েছে। রেজিস্ট্রেশনভুক্ত ও রেজিস্ট্রেশন বহির্ভূত ঘেরের তালিকা প্রস্তুত করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়। | ক্ষতিকারক জাল ব্যবহারকারীদের বিরুদ্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। বৈধ/অবৈধ ঘেরের তালিকা প্রস্তুত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ডুমুরিয়া, খুলনা। |
| ১১ | উপজেলা কৃষি কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা | উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, এ বছর ডুমুরিয়া উপজেলায় এ বছর ২১২০৫ হেঃ জমিতে বোরো আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ইতিমধ্যে বোরোরোপন কার্যক্রম শুরু হয়ে গেছে। বোরো উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৮০০০ জন কৃষকের মাঝে প্রনোদনার আওতায় প্রতিজনকে ২কেজি করে হাইব্রিড ধান বীজ বিতরণ করা হয়েছে। শ্রমিক সংকট নিরসনের জন্য উন্নত চাষাবাদ কর্মসূচীর আওতায় ৫০ একর জমি চাষাবাদের জন্য ৩০০ কেজি হাইব্রীড ধানবীজ ব্যবিলন-২ এবং ব্যবিলনট্রেতে বসানো হয়েছে এবং পরবর্তীতে এগুলো রাইস ট্রান্সপ্লান্টারের সাহায্যে রোপন করা হবে। এ সমস্ত কৃষককে ইউরিয়া, | নিরাপদ কৃষি পণ্য উৎপাদন ও স্বাস্থ্যবিধি সম্পর্কে সকলকে সহযোগীতা ও পরামর্শ প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা খাদ্য কর্মকর্তা |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ভিএপি,এমওপি, জিপসাম ও দস্তা সার বিতরণ করা হবে এবং যন্ত্র দিয়ে ধান কর্তন করেও দেয়া হবে সার, কীটনাশককে বা বীজের কোন সংকট নেই। অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কৃষি বিভাগের চলমান কাজ নিয়ে সভায় ব্যাপক আলোচনা হয়। কৃষি বিভাগের কার্যক্রমে সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | | |
| ১২ | উপজেলা প্রাণি সম্পদ দপ্তর, ডুমুরিয়া খুলনা | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, প্রাণিসম্পদ অধিদপ্তরের সার্বিক তত্ত্বাবধানে ন্যাশ্নাল এগ্রিকালচারাল টেকনোলোজী প্রোগ্রাম-ফেজ-২ প্রজেক্ট (এনএটিপি-২) প্রকল্পের আওতায় চলতি মাসে অত্র উপজেলার বিভিন্ন গ্রামে ০৭ টি ভ্যাকসিনেশন ক্যাম্পেইন, ৫ টি মাঠ দিবস সম্পন্ন হয়েছে। আধুনিক প্রযুক্তিতে গরু হৃষ্ট-পুষ্টকরণ প্রকল্পের আওতায় ০১ (এক) টি জনসচেতনতামূলক সেমিনারের আয়োজন করা হয়েছে। লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট (এল ডিডিপি) প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ২৮০০ গরু কে ক্ষুরা রোগের টিকা প্রদান করা হয়েছে। মাঠ পর্যায়ে ভ্যাকসিনেশন কার্যক্রম,কৃত্রিম প্রজনন ও চিকিৎসা সেবাসহ উপজেলা প্রানিসম্পদ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | স্বাস্থ্য সম্মত পশু পালন নিশ্চিত করার নিমিত্ত ও প্রশিক্ষণ ও প্রনোদনা বিতরণে স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ১৩ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, প্রতিদিন ডুমুরিয়া উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের ১৪ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে পরিবার পরিকল্পনা সেবা ও মা শিশু স্বাস্থ্য সেবার পাশাপাশি মহামারি করোনা ভাইরাসের উপসর্গ নিয়ে আগত রোগীর সেবা ও পরামর্শ প্রদান করা হচ্ছে। | করোনা পরিস্থিতি বিবেচনা করে সতর্কতার সাথে সেবা প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১৪ | উপজেলা শিক্ষা অফিসার ডুমুরিয়া, খুলনা | উপজেলা শিক্ষা অফিসার, ডুমুরিয়া জানান যে, ডুমুরিয়া উপজেলাধীন ময়নাপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে চলতি বছরে ভর্তিকৃত শিক্ষার্থী সংখ্যা ০১ জন। সম্প্রতি মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর , ঢাকা মহোদয় সারা বাংলাদেশে যে সকল বিদ্যালয়ে শিক্ষার্থী সংখ্যা -২০ জনের নিচে ঐ সকল বিদ্যালয়ের শিক্ষক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিজে জুম সভা করেন এবং পরিদর্শন করে প্রতিবেদন চান। সে আলোকে পরিদর্শন করে প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করা হয়েছে। এ নিয়ে বিভিন্ন পত্রিকা ও টিভি চ্যানেলে সংবাদ প্রকাশিত হয়েছে। সে আলোকে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দপ্তর থেকে প্রতিবেদন পাওয়া হলে প্রতিবেদন দাখিল করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br><br>(খ) ডুমুরিয়া বাজার ও বাসস্ট্যান্ড সংলগ্ন বিয়াম স্কুলে একটি নিরাপদ সবজি ও দুঃস্থ্য মহিলাদের জন্য বিক্রয় কাম প্রশিক্ষণ কেন্দ্র নির্মান কাজের ঠিকাদার খান শাহীন ডুমুরিয়া, খুলনা নির্ধারিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত করিয়া বিল ভাউচার দাখিল করিয়াছেন। মোট বিলের | যেহেতু দীর্ঘদিন ধরে ঐ বিদ্যালয়ে বিভিন্ন কারনে শিক্ষার্থী সংখ্যা হ্রাস পাচ্ছে এবং এলাকায় খানা সংখ্যাও হ্রাস পাচ্ছে। এছাড়া শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধির সম্ভাবনা নেই মর্মে শিক্ষকগণ লিখিত মতামত দিয়েছেন। তাই উক্ত বিদ্যালয়টি বন্ধ করে অন্য বিদ্যালয়ের সাথে মার্জ করার প্রস্তাব প্রেরণের বিষয়ে উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। পরবর্তীতে উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা পাওয়া গেলে সে মোতাবেক ব্যবস্থা গ্রহন করবেন। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা অফিসার, ডুমুরিয়া |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | পরিমান - ৪৪,১৯,৩৬৭/০০। ভ্যাট ৩,৩১,৪৫৩/০০, আয়কর ১,৩২,৫৮১/০০ ও জামানত ৪,৪১,৯৩৭/০০ টাকা। ভ্যাট ও আয়কর বাদে ঠিকাদারের প্রাপ্য ৩৯,৫৫,৩৩৩/০০ টাকা। | | |
| ১৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ডুমুরিয়া খুলনা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ডুমুরিয়া, খুলনা সভায় জানান যে, সৃজনশীল মেধা অন্বেষন প্রতিযোগিতা/২০২২ এ -৪ জন শিক্ষার্থী জেলা পর্যায়ে শ্রেষ্ঠ হন। শিক্ষা প্রতিষ্ঠান চলাকালীন সময়ে পাঠদানকালে কোন শিক্ষক শ্রেনি কক্ষে মোবাইল ফোন নিয়ে প্রবেশ করবেন না। মোবাইল ফোন নিয়ে কোন শিক্ষার্থী প্রতিষ্ঠানে আসতে পারবেনা। শিক্ষা প্রতিষ্ঠান চলাকালীন সময়ে প্রতিষ্ঠান চত্তর বা এলাকায় বখাটেরা যাতে ঘোরাফেরা করতে না পারে সে বিষয়ে আইন শৃঙ্খলা বাহিনীর দৃষ্টি আকর্ষন করা হয়। শিক্ষা প্রতিষ্ঠানের সংক্ষিপ্ত নামের পরিবর্তে ১৭ টি শিক্ষা প্রতিষ্ঠানের পূর্নাঙ্গ নাম ব্যবহার নিশ্চিতকরণের অনুরোধ করেন। ডুমুরিয়া টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ এর সামনে স্পীড ব্রেকার নির্মানের প্রস্তাব করেন। উপজেলা পরিষদের পূর্ব পাশের গেটের রাস্তা সংস্কারের প্রস্তাব রাখেন। | শিক্ষা প্রতিষ্ঠান চলাকালীন সময়ে পাঠদানকালে কোন শিক্ষক শ্রেনি কক্ষে মোবাইল ফোন নিয়ে প্রবেশ করা যাবেনা। শিক্ষা প্রতিষ্ঠান চলাকালীন সময়ে প্রতিষ্ঠান চত্তর বা এলাকায় বখাটেরা যাতে ঘোরাফেরা করতে না পারে সে বিষয়ে আইন শৃঙ্খলা বাহিনী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল উইং, খুলনা, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা /প্রশাসনিক কর্মকর্তা ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান |
| ১৬ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ডুমুরিয়া খুলনা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান ২০২২-২০২৩ অর্থ বছরে ডুমুরিয়া উপজেলায় ১৭৮৮৩ জন বয়স্ক ভাতাভোগী ,৯৫০৭ জন বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতাভোগী ও ৫১৩৮ জন অসচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগী,১৮ জন প্রতিবন্ধী শিক্ষার্থী, ১১৯ জন অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষার্থীর, ৯০ জন অনগ্রসর জনগোষ্ঠীর বয়স্ক ভাতাভোগী ও ০১ জন হিজড়া জনগোষ্ঠীর বিশেষ ভাতাভোগী। মোট ৩২৭৫৫ জন উপকারভোগীর ১ম কিস্তির পে রোল ২/১০/২০২২ খ্রি. তাথিকে ৮/১০/২০২২ খ্রি. তারিখের মধ্যে রে-রোল প্রেরণের নির্দেশনা রয়েছে।<br>২০২২-২০২৩ অর্থ বছওে বয়স্ক, বিধাব ও স্বামী নিগৃহীতা ও অসচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীর মৃত্যু সনদ প্রদান সাপেক্ষে প্রতিস্থাপনের তালিকা প্রদানের জন্য সকল সম্মানিত ইউপি চেয়ারম্যানদের পত্র প্রদান করা হয়েছে। বিধাব ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতাভোগীদের মধ্যে কেই বিবাহ বন্ধনে আবদ্ধ হলে তার তথ্য প্রদানের জন্য পত্র প্রেরণ করা হলেও কোন ইউনিয়ন পরিষদ থেকে চাহিত তথ্য পাওয়া যায়নি। উপজেলা সমাজসেবা অফিসার আরও জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছওে বর্ধিত কোঠায় প্রতিবন্ধী ভাতার অর্থ জিটুপি পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে সকল ইউপি চেয়ারম্যান মহোদয় বরাবর পত্র প্রেরণ করা হয়। সমাজসেবা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক ১০ আগস্ট, ২০২২ হতে ১০ সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত অনলাইনে আবেদন গ্রহণ করা হলে ডুমুরিয়া উপজেলা ১৪ টি ইউনিয়ন হতে মোট ২৯৭ টি প্রতিবন্ধী ভাতা প্রাপ্তির আবেদন পাওয়া যায়। | ১। ২০২২-২০২৩ অর্থ বছরের পে-রোল নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br>২। মৃত ভাতাভোগী ও বিধাব ভাতাভোগীদের মধ্যে বিবাহ বন্ধনে আবদ্ধ ভাতাভোগীদের তথ্য উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। ২০২২-২০২৩ অর্থ বছওে বর্ধিত প্রতিবন্ধী ভাতার আবেদনের বিপরীতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অবহিত করার ও বাছাই করার নিমিত্ত পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪। প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন অনুযায়ী প্রতিবন্ধী শনাক্তের জন্য উপজেলা কমিটির সভা প্রতি ২ মাস পর পর করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, চেয়ারম্যান (সকল) |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৭ | জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনা সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, ডুমুরিয়া,খুলনা এর মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক কাজ বাস্তবায়িত হচ্ছে। জেলা পরিষদের মালিকানাধীন পুনঃখননকৃত ০২ টি পুকুরে সোলার পি এস এফ স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৩৪২ গভীর নলকূপ এবং ২২ টি ৩০০০ লিটার রেইন ওয়াদার হার্ভেষ্টিং স্থাপনের কাজ চলমান। প্রাথমিক বিদ্যালয়ে ১৭ টি নলকূপ স্থাপনের কাজ সম্পন্ন এবং ২৩ ওয়াশব্লক কাজ চলমান রয়েছে। আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় ০২ টি পানির লবণাক্ততা দূরীকরণ কাজ চলমান। কাজের বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া দপ্তরের স্বাভাবিক কার্যক্রম চলমান আছে। | জেলা পরিষদের মালিকানাধীন পুনঃখননকৃত ০২ টি পুকুরে সোলার পি এস এফ স্থাপনের কাজ চলমান রাখা ,পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৩৪২ টি গভীর নলকূপ স্থাপনের ও ২৩ টি ওয়াশব্লক কাজ চলমান এবং ০২ টি পানির লবণাক্ততা দূরীকরণ কাজ চলমান রাখার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ও চেয়ারম্যান রুদাঘরা, আটলিয়া, শোভনা, শরাফপুর ও রংপুর ইউনিয়ন |
| ১৮ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছওে সেপ্টেম্বর/২০২২ মাসে ৩০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং এ মাসে ০৭ জন যুব/যুব মহিলাকে আত্মকর্মীসহ চলতি অর্থবছরে ২১ জন যুব/যুব মহিলাকে আত্মকর্মে নিয়োজিত করা হয়। আত্মকর্মসংস্থান কর্মসূচীতে এ অর্থ বছরে ০৯ জন আত্মকর্মীকে ৪,৩০,০০০/- টাকা যুব ঋন প্রদান করা হয়। এছাড়া ক্লাব রেজিষ্ট্রেশন কার্যক্রমসহ বায়োগ্যাস প্লান্ট কার্যক্রম চলমান রয়েছে। | ২০২২-২০২৩ অর্থ বছরে ৩০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং এ মাসে ০৭ জন যুব/যুব মহিলাকে আত্মকর্মীসহ চলতি অর্থবছরে ২১ জন যুব/যুব মহিলাকে আত্মকর্মে নিয়োজিত করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৯ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্য বিধি ও সামাজিক দুরত্ব বজায় রাখার বিষয়ে সেবা গ্রহণকারী ও নিজ দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সচেতন করা হয়েছে। ২০২১-২২ চক্রের ভিডব্লিউবি উপকার ভোগীর সংখ্যা ১৮৭৬ জন ,২০২২-২৩ অর্থ বছরে মাতৃকালীন ভাতা সাময়িক ভাবে স্থাগিত করা হয়েছে। ডিসেম্বর-২২ পর্যন্ত ৯৮৩ জন নারীকে ৭৭,২৮,৫০০/- ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়েছে। ঋণ আদায়ের হার ৯৬%। মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে ১০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান। ডিসেম্বর-২২ মাসে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে ৪০৬ জন কে আইনি সহায়তা প্রদান করা হয়েছে এবং ০১ টি বাল্য বিবাহ প্রতিরোধ ও ৭০ জন নারী পুরুষ যৌতুক নেবেনা এই মর্মে অঙ্গীকার করেছে। | স্বাস্থ্য বিধি মেনে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে। তবে প্রশিক্ষণ মডিউল প্রস্তুতকরতঃ প্রশিক্ষণ শুরুর পূর্বেই অবহিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা |
| ২০ | উপজেলা সমবায় কর্মকর্তা | উপজেলা সমবায় কর্মকর্তা, ডুমুরিয়া,খুলনা সভায় জানান যে, ডুমুরিয়া উপজেলা সমবায় কার্যালয়ের আওতায় কেন্দ্রীয় সমবায় সমিতির সংখ্যা ৬টি এবং কেন্দ্রীয় দুগ্ধ সমিতির সংখ্যা ৪টি মোট ১০টি। প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা ৬৭৬টি। এ উপজেলায় ভান্ডারপাড়া, খাজুরা, চুকনগর ও মিকশিমিলে অবস্থিত ৪টি আশ্রয়ণ প্রকল্পের মধ্যে সর্বমোট ঋণ বিতরণের পরিমাণ ৩৮,২২,৫০০/- টাকা এবং আদায়ের পরিমাণ ২৭.৭৯.৮৬৩/- টাকা, অনাদায়ী ঋণের পরিমাণ ১৩,৪০,৫৩৩/- টাকা। ঋণ আদায়ের হার ৭৩%। | এ উপজেলায় ভান্ডারপাড়া, খাজুরা, চুকনগর ও মিকশিমিলে অবস্থিত ৪টি আশ্রয়ণ প্রকল্পের মধ্যে সর্বমোট ঋণ বিতরণের পরিমাণ ৩৮,২২,৫০০/- টাকা এবং আদায়ের পরিমাণ ২৭.৭৯.৮৬৩/- টাকা, অনাদায়ী ঋণের পরিমাণ ১৩,৪০,৫৩৩/- টাকা। ঋণ আদায়ের হার ৭৩%। | উপজেলা সমবায় কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ডুমুরিয়া উপজেলায় সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রম বিস্তৃত করণের মাধ্যমে বৃহত্তর ফরিদপুর, বরিশাল ও খুলনা জেলার দারিদ্র হ্রাসকরণ ও আর্থ-সামাজিক উন্নয়ন প্রকল্পের আওতায় গঠিত সমবায় সমিতির ৩০০ (তিনশত) জন সদস্যকে ইতোমধ্যে ১,১০,০০০/- (একলক্ষ দশ হাজার) টাকা হারে মোট ৩,৩০,০০,০০০/- টাকা এবং ঘূর্ণায়মান তহবিল হিসেবে মোট ১,১৭,১০০,০০০/- টাকা সর্বমোট ৪,৪৭,০০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত উল্লিখিত ঋণের ৩,০৬,৪৯,০০০/- টাকা আসল এবং ২৩,৭৯,০০০/- সার্ভিস চার্জ আদায় করা হয়েছে। প্রকল্পের আওতায় গ্রামের সাধারণ দরিদ্র ব্যক্তিদের মধ্যে ঋণ প্রদানের ফলে সুবিধাভোগী প্রান্তিক দুগ্ধ উৎপাদনকারী সদস্যগণ ইতোমধ্যেই মোট ৮৬২টি বকনা/গাভী ক্রয় করেছে। এর মধ্যে দুধ উৎপাদনকারী গাভীর সংখ্যা ৬৭৭টি। বর্তমানে সমিতির মাধ্যমে দৈনিক প্রায় ৬৭৭০ লিটার দুধ উৎপাদিত হচ্ছে। সমিতির কার্যক্রম বিস্তৃতকরণের লক্ষ্যে একটি গবাদীপশুর খাবার তৈরির কারখানা ও একটি বায়োগ্যাস প্লান্ট স্থাপন করা হয়েছে।<br>এছাড়া উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় এই উপজেলায় ২টি মাহলা সমবায় সমিতি গঠন করা হয়েছে। এই সমিতি ২টির সুবিধাভোগী ২০০ জন মহিলা সদস্যের মধ্যে জনপ্রতি ১,২০,০০০/- টাকা হিসাবে মোট ২,৪০,০০,০০০/- টাকা এবং আবর্তক ঋণ হিসেবে মোট ৬৬,০০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। বিতরণকৃত ঋণের মধ্যে হতে ইতোমধ্যে আদায় ১,৪৪,৩৫,৩০০/- টাকা আসল এবং ১৪,৩৬,০০০/- টাকা সার্ভিস চার্জ আদায় করা হয়েছে।<br>জুন ২০২২ মাস পর্যন্ত এই উপজেলায় ১১,১১,০০০/- টাকা অডিট ফি এবং ১১,১১,৯৪৮/- টাকা সমবায় উন্নয়ন তহবিল আদায় করা হয়েছে।<br>মে ২০২২ মাস পর্যন্ত এই উপজেলায় ১১,৯৯,০০০/- টাকা অডিট ফি এবং ১৬,১৫,৭০৯/- টাকা সমবায় উন্নয়ন তহবিল আদায় করা হয়েছে। সমবায় সমিতি সমূহের নিরীক্ষা সম্পাদনের হার ১০০%। | ডুমুরিয়া উপজেলায় সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রম বিস্তৃত করণের মাধ্যমে বৃহত্তর ফরিদপুর, বরিশাল ও খুলনা জেলার দারিদ্র হ্রাসকরণ ও আর্থ-সামাজিক উন্নয়ন প্রকল্পের আওতায় গঠিত সমবায় সমিতির ৩০০ (তিনশত) জন সদস্যকে ইতোমধ্যে ১,১০,০০০/- (একলক্ষ দশ হাজার) টাকা হারে মোট ৩,৩০,০০,০০০/- টাকা এবং ঘূর্ণায়মান তহবিল হিসেবে মোট ১,১৭,১০০,০০০/- টাকা সর্বমোট ৪,৪৭,০০,০০০/- টাকা ঋণ প্রদান করা প্রকল্পের আওতায় গ্রামের সাধারণ দরিদ্র ব্যক্তিদের মধ্যে ঋণ প্রদানের ফলে সুবিধাভোগী প্রান্তিক দুগ্ধ উৎপাদনকারী সদস্যগণ ইতোমধ্যেই মোট ৮৬২টি বকনা/গাভী ক্রয় করেছে। এর মধ্যে দুধ উৎপাদনকারী গাভীর সংখ্যা ৬৭৭ টি হওয়ায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | |
| ২১ | উপজেলা বন কর্মকর্তা | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, ১। ডুমুরিয়া উপজেলায় ১৯৯৬-১৯৯৭ সনে ফুলবাড়ীয়া স্লুইচগেট হইতে ঘেংরাইল ক্লোজার পর্যন্ত ৭.০০ কিঃ মিঃ মেয়াদ উত্তীর্ন হওয়ায় সরকারি বিধি মোতাবেক উক্ত বাগানের গাছ কর্তন, নিলামে বিক্রয় ও উপকারভোগীসহ অন্যান্য সংস্থাকে লভ্যাংশ দেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত দেওয়া প্রয়োজন।<br>২। ডুমুরিয়া উপজেলায় ১৯৯৯-২০০০ সনে কুলবাড়ীয়া স্লুইচগেট হইতে বরাতিয়া জেলেপাড়া পর্যন্ত ১.০০ কিঃ মিঃ মোয়াদ উত্তীর্ন হওয়া সরকারি বিধি মোতাবেক উক্ত বাগানের গাছ কর্তন, উপকারভোগীসহ অন্যান্য সংস্থাকে | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। কুলবাড়িয়া স্লুইচগেট হইতে ঘেংরাইল ক্লোজার পর্যন্ত ৭.০০ কিঃ মিঃ ও কুলবাড়ীয়া স্লুইচগেট হইতে বরাতিয়া জেলেপাড়া পর্যন্ত ১.০০ কিঃ মিঃ মোট ৮ কিঃ মিঃ গাছ কর্তনের সিদ্ধান্ত সর্ব্বসম্মতি ক্রমে গৃহীত হয়। ইহা ২০২৩-২৪ অর্থ বছরে সুরক্ষা সুন্দরবন প্রকল্পে ১৫ কিঃ মিঃ ও পরিচালনা ব্যায় ৫ কিঃ | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা বন কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | লভ্যাংশ দেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত দেওয়া প্রয়োজন।<br>৩। ডুমুরিয়া উপজেলা ২০২৩-২৪ অর্থ বছরে সুরক্ষা সুন্দরবন প্রকল্পে ১৫ কিঃ মিঃ ও পরিচালনা ব্যায় ৫ কিঃ মিঃ মোট ২০(বিশ) কিঃ মিঃ বাগান সৃজনের পরিকল্পনা রয়েছে। উল্লেখ্য যে, চুকনগর আশ্রায়ন প্রকল্পের পূর্বপাশে হইতে কাঠালতলা গোবিন্দকাঠি পর্যন্ত বাগান সৃজনের প্রস্তাব করেন।<br>৪। খুলনা জেলার ডুমুরিয়া উপজেলায় অবৈধ করাত কলের বিরুদ্ধে আইনানুক ব্যাবস্থা বিদ্যুৎ বিচ্ছিন্ন করার জন্য বন বিভাগ কর্তৃক সম্লিষ্ট বিভাগকে পত্রের মাধ্যমে বিদ্যুৎ বিচ্ছিন্ন করার জন্য অনুরোধ করা হয়েছে। বন বিভাগ ও প্রশাসন কর্তৃক যৌথ উদ্যোগে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | মিঃ মোট ২০(বিশ) কিঃ মিঃ বাগান সৃজনের সর্ব্বসম্মতি ক্রমে গৃহীত হয়। অবৈধ করাত কলের বিরুদ্ধে আইনানুক ব্যবস্থা গ্রহনে জন্য সর্ব্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২২ | উপজেলা তথ্যকেন্দ্র | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা জানান যে, তথ্যআপাঃ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্পের আওতায় প্রধান কার্যালয়ের মাসিক লক্ষ্যমাত্রা ৯৫০ জন অনুযায়ী তথ্যকেন্দ্র থেকে ডোর টু ডোর এর মাধ্যমে ৬৮৫ জনকে ( শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যাবসা, কৃষি ও জেন্ডার বিষয়ে ) সেবা দেওয়া হয়েছে। তথ্যকেন্দ্র থেকে ৫০ জনকে সেবা দেওয়া হয়েছে। প্রকল্প অফিসের নির্দেশনায় ৩টি উঠান বৈঠকের মাধ্যমে ১৫০ জনকে সেবা দেওয়া হয়েছে। ১২নং রংপুর ইউনিয়নের ০৩ নং ওয়ার্ডে ১৯/০৩/২৪ তারিখে মার্চ মাসের প্রথম উঠান বৈঠক অনুষ্ঠিত হয়, রির্সোস পারসন হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ জাকির হোসেন খাঁন, সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ২য় উঠান বৈঠক অনুষ্ঠিত হয় ২১/০৩/২০২৪ খ্রি: তারিখে ০৪নং খর্নিয়া ইউনিয়নে রির্সোস পারসন হিসেবে উপস্থিত ছিলেন জনাব ডাঃ সায়রা গুলশান, উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারন কর্মকর্তা। ৩য় উঠান বৈঠক অনুষ্ঠিত হয় ২৫/০৩/২০২৪ খ্রি: তারিখে ০২নং রঘুনাথপুর ইউনিয়নের ০৭ নং ওয়ার্ডে রির্সোস পারসন হিসেবে উপস্থিত ছিলেন জনাব ডাঃ মেহবুব হাসান সাব্বির, আবাসিক মেডিকেল অফিসার। এমতাবস্তায় তথ্যকেন্দ্র থেকে সর্বমোট ৮৮৫ জনকে উল্লেখিত বিষয়ে সেবা প্রদান করা হয়েছে। | তথ্যআপাঃ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্পের আওতায় উঠান বৈঠক, শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, কৃষি ও জেন্ডার বিষয়ে অনুষ্ঠান করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয় । | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(স্বাক্ষর)

(এজাজ আহমেদ)
চেয়ারম্যান
ডুমুরিয়া উপজেলা পরিষদ
ডুমুরিয়া, খুলনা
ফোনঃ ০৪০২৫-৫৬২২৫(অফিস)

স্মারক নং-০৫.৪৪.৪৭৩০.০০১.০৬.০০১.২১-১৮১ (৫০) তারিখঃ ২৮/০৩/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. মাননীয় মন্ত্রী, ভূমি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, খুলনা ।
৪. জেলা প্রশাসক, খুলনা
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা
৬. নির্বাহী প্রকৌশলী এল.জি.ই.ডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর/ পানি উন্নয়ন বোর্ড,খুলনা
৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা।
৮. উপপরিচালক, মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, খুলনা।
৯. জেলা শিক্ষা অফিসার, খুলনা।
১০. ------------------------------------------------------------------------------------------জেলা পর্যায়ের দপ্তর সংশ্লিষ্ট প্রধান)
১১. উপজেলা ---------------------------------------------------------------------------, ডুমুরিয়া, খুলনা
১২. সহকারী প্রোগ্রামার, ডুমুরিয়া, খুলনা। বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৩. জনাব ---------------------------------------------------------------------

মুহাম্মদ আল-আমিন
উপজলা নির্বাহী অফিসার
ডুমুরিয়া, খুলনা
ফোনঃ ০৪০২৫-৫৬০০১